# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩০৭ যে কাজ করতে আপনার আনন্দ লাগে সে কাজ চালিয়ে যান

আল্লামা ইমাম ইবনে তাইমিয়াহ (রহঃ) বলেছেন- “একবার আমি অসুস্থ হয়ে পড়লাম আর চিকিৎসকগণ আমাকে বলল যে, পাঠ করা ও পাঠদান করা শুধুমাত্র আমার (অসুস্থ) অবস্থাকে আরো খারাপ করবে। আমি তাকে বললাম যে, আমি সে সব কাজ বাদ দিতে পারব না এবং যদি সম্ভব হয় তবে আমি তার নিজের জ্ঞানকেই আমাদের মাঝে বিচারক বানাতে চাইলাম। আমি তাকে জিজ্ঞেস করলাম যে, ব্যাপার কি এ নয় যে, মন যদি সুখ ও আনন্দবোধ করে তবে দেহ শক্তিশালী হয় ও রোগ দূর হয়ে যায়? চিকিৎসক হ্যাঁ বাচক উত্তর দিলেন। আমি তাকে বললাম, অতএব, আমার আত্মা জ্ঞান চর্চায় আনন্দ, আরাম ও শক্তি পায়। চিকিৎসক আত্মসমর্পণ করলেন এবং স্বীকার করলেন যে আমার অবস্থা তার চিকিৎসা শাস্ত্রের চৌহদ্দির বাইরে।”

لَا تَحْسَبُوهُ شَرًّا لَّكُم بَلْ هُوَ خَيْرٌ لَّكُمْ

“এটাকে তোমাদের জন্য খারাপ বা ক্ষতিকর মনে করো না; বরং এটা তোমাদের জন্য উত্তম বা উপকারী। (২৪-সূরা আন নূরঃ আয়াত-১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন